01 SEP 2016
তারিখ ......
পৃষ্ঠা ...... কলাম ......

কালের কণ্ঠ

# মেডিক্যালে ভর্তি পরীক্ষার রংপুর কেন্দ্র বাতিল!

রংপুর অফিস ▷

এক বছর আগে ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় রংপুরে মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষার কেন্দ্র বাতিল হচ্ছে। কেন্দ্র বাতিলের চিঠি গত এক মাস আগে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে রংপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ সৈয়দ আবু তালেবের কাছে পৌঁছেছে। গতকাল বুধবার বিষয়টি নিশ্চিত করেছেন অধ্যক্ষ।

রংপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ আবু তালেব বলেন, 'বিষয়টি নিয়ে কথা হচ্ছে, দেখা যাক কী করা যায়। তবে এটা রংপুরের মানুষের জন্য নিশ্চয়ই খারাপ খবর। গত বছরের মেডিক্যাল ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তিন শিক্ষকের জড়িত থাকার অভিযোগে কেন্দ্র বাতিল করা হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

অধ্যক্ষ আরো জানান, এই সিদ্ধান্ত কার্যকর হলে রংপুরে মেডিক্যাল ও ডেন্টাল কলেজে ভর্তীচ্ছুদের পাশের কোনো জেলায় ভর্তি পরীক্ষায় অংশ নিতে যেতে হতে পারে। এ ক্ষেত্রে ভোগান্তির পাশাপাশি টাকা-পয়সাও বেশি খরচ করতে হবে।